**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি**
**নর্থ গুলশান শাখা ।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব সারফুল আনাম সাবির আখন্দ, পিতা- সামসুল হক আখন্দ, মাতা- জিনাত আরা আখন্দ, স্বত্বাধিকারী- স্কাই ডেভেলপার এন্ড লজিস্টিক সার্ভিসেস, ব্যবসায়িক ঠিকানা- প্লট-৫৩, রোড-১৭, বনানী সি/এ, ঢাকা-১২১৩ এবং ইউনিট্ ৪এস, বাসা-৯৬/ডি, রোড-১৩/এ, ব্লক-ডি, বনানী, ঢাকা-১২১৩, বর্তমান ঠিকানা- ফ্ল্যাট-বি/২, বাসা-৩৮/সি, রোড-০৬, ব্লক-সি, বনানী, ঢাকা-১২১৩, স্থায়ী ঠিকানা- বাড়ি-৩৬, রোড-০৬, ব্লক-সি, বনানী, ঢাকা-১২১৩, কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক **পিএলসি, নর্থ গুলশান** শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্নিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত **১৭.১১.২০২৫** ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ১,১৮,০১,৪৬২.৫৩ (এক কোটি আঠারো লক্ষ এক হাজার চারশত বাষট্টি টাকা এবং তিপ্পান্ন পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তির তফসিল**

All that premises of one (01) Apartment/flat being no. 4-A, having floor spaces measuring 1300 (One Thousand Three Hundred) square feet, occupying on the 4th Floor and one (01) car parking Space measuring 120 (One Hundred Twenty) square feet in total (1300 + 120) = 1420 (One Thousand Four Hundred Twenty) square feet of a seven (07) storied residential building under the name and style of 'Sky Seren' along with the proportionate share of undivided & un-demarcated land measuring 0068.75 (Sixty Eight point Seven Five) Ajutangsha; [in connection with the aforesaid One flat & car parking] out of the total land/project land measuring 08.25 Decimal more or less situated within District-Dhaka, Police Station- Vatara, Sub Registry Office- Badda, bearing J.L. no. C.S. 271, S.A. 110, R.S. 06, Dhaka City Jorip No. 03 under Mouza- Joar Sahara, pertaining to the Khatian no. C.S. 48, S.A. 314, R.S. 722, & Dhaka City Jorip-13721, pertaining to Dag no. C.S. & S.A. 3285, R.S. 9817 & Dhaka City Jorip Dag No. 38761; under Mutation Khatian no. 48948 of which Jot/Holding no. $\frac{43}{251}$ bearing Plot no. 524, Rania Avenue, Block-D under the layoput plan of Bashundhara R/A prepared by East West Property Development (Pvt.) Limited; together with all other common rights & connecting facilities, amenities and right of easements etc. adjuncts to the said land & building;

**নিলামের শর্তাবলী**

(১) আগামী ১৮.১২.২০২৫ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক **পিএলসি, নর্থ গুলশান** শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক **পিএলসি, নর্থ গুলশান** শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্বান করিতে পারিবেন।

(৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান,

ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

(৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

(৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নর্থ গুলশান শাখা।**